২০১৬–২০১৭ স্কুলবছর

আপনার সন্তান কি চাইল্ড কেয়ার বা স্কুলের জন্য প্রস্তুত?

নিউ ইয়র্ক সিটির আবশ্যক টিকাকরণ সম্পর্কে জেনে নিন

নিউ ইয়র্ক সিটির ২ মাস থেকে ১৮ বছর বয়সী সকল শিক্ষার্থীকে চাইল্ড কেয়ার বা স্কুলে যাওয়ার জন্য অবশ্যই উল্লিখিত টিকাগুলো গ্রহণ করতে হবে। এই স্কুলবছরে আপনার সন্তানের গ্রেড স্তরের ভিত্তিতে তার টিকার চাহিদা পর্যালোচনা করুন।

টিকা	প্রি-কিনডারগার্টেন (চাইল্ড কেয়ার, হেড স্টার্ট, নার্সারি অথবা প্রি-কে)	কিনডারগার্টেন্ গ্রেড ২	গ্রেড ৩–৫	গ্রেড ৬–৮	গ্রেড ৯–১২
ডিপথেরিয়া, টিটেনাস ও পার্টুসিস (ডিট্যাপ)	৪ ডোজ	৫ ডোজ অথবা ৪ ডোজ কেবল যদি ৪র্থ ডোজ ৪ বছর বা বেশি বয়সে নিয়ে থাকে অথবা ৩ ডোজ কেবল যদি সিরিজটি ৭ বছর বা বেশি বয়সে শুরু অথবা শেষ হয়ে থাকে।		৩ ডোজ	
টিটেনাস, ডিপথেরিয়া ও পার্টুসিস বুস্টার (টিড্যাপ)				১ ডোজ	
পোলিও (আইপিভি/ওপিভি)	৩ ডোজ	৪ ডোজ বা ৩ ডোজ শুধু যদি ৩য় ডোজ ৪ বছর বা বেশি বয়সে গ্রহণ করা হয়ে থাকে	৩ ডোজ	৪ ডোজ বা ৩ ডোজ শুধু যদি ৩য় ডোজ ৪ বছর বা বেশি বয়সে গ্রহণ করা হয়ে থাকে	৩ ডোজ
ডমসলস, মামস ও রুবেলা (এমএমআর)	১ ডোজ	২ ডোজ			
হেপাটাইটিস বি	৩ ডোজ	৩ ডোজ			
ভারিসেল্লা (চিকেনপক্স)	১ ডোজ	২ ডোজ	১ ডোজ	২ ডোজ	১ ডোজ
হেমোফিলাস ইনফ্লুয়েনজা টাইপ বি কনজুগেট (এইচআইবি)	১ থেকে ৪ ডোজ শিশুর বয়স ও আগে গৃহীত ডোজের ভিত্তিতে				
নিউমোকোক্কাল কনজুগেট (পিসিভি)	১ থেকে ৪ ডোজ শিশুর বয়স ও আগে গৃহীত ডোজের ভিত্তিতে				
মেনিনগোকক্কাল কনজুগেট (গবহঅঙ্গডণ)				গ্রেড ৭: ১ ডোজ	গ্রেড ১২: ২ ডোজ অথবা ১ ডোজ কেবল যদি ১ম ডোজ ১৬ বছর বা বেশি বয়সে দেওয়া হয়ে থাকে।

বয়স ও আগে কত ডোজ টিকা গ্রহণ করেছে তার ভিত্তিতে আপনার সন্তানের টিকাকরণ আবশ্যক ডোজ সংখ্যায় তারতম্য হতে পারে। আপনার সন্তানের নির্দিষ্ট কোনো ধরনের স্বাস্থ্য সমস্যা থাকলে তার বাড়তি টিকাসমূহ বা টিকার প্রয়োজন হতে পারে। আপনার কোনো প্রশ্ন থাকলে আপনার ডাক্তারের সঙ্গে কথা বলুন। আরো তথ্যের জন্য ৩১১ নম্বরে কল করুন অথবা nyc.gov/health গিয়ে "Student Vaccines" সন্ধান করুন।

NYC Health

NEW YORK CITY DEPARTMENT OF
HEALTH AND MENTAL HYGIENE
Mary T. Bassett, MD, MPH
Commissioner

বসন্ত ২০১৬

Gotham Center
42-09 28th Street, 8th Floor
Queens, NY 11101-4132

+ 1 347 396 4100 ফোন

প্রিয় পিতামাতা/অভিভাবক:

সুস্থ স্কুলের পরিবেশ সকল শিক্ষার্থীকে শেখা ও বিকশিত হওয়ার জন্য সবচেয়ে ভালো সুযোগ দেয়। টিকা দেওয়া এই প্রচেষ্টার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ; এগুলি ছেলেমেয়েদেরকে গুরুতর অসুস্থ করতে পারে এরকম অসুখ সংক্রমণ থেকে রক্ষা করে।

আপনার রেজিস্ট্রেশন প্যাকেটে একটি **ইম্যুনাইজেশন চার্ট** আছে যেটিতে চাইল্ড কেয়ার লাভ বা নিউ ইয়র্ক সিটির স্কুলে যাওয়ার জন্য আপনার সন্তানের কোন টিকাগুলি লাগবে তা বলা আছে। ২ মাস থেকে ১৮ বছর বয়সী ছেলেমেয়ে যারা চাইল্ড কেয়ারে, পাবলিক স্কুলে বা প্রাইভেট স্কুলে যায় তাদের সকলের জন্য এটি বাধ্যতামূলক। আপনার সন্তানের কত সংখ্যক টিকা আবশ্যক হবে তা বয়স এবং এর আগে সে যেসব টিকা নিয়েছে তার নিরিখে বিভিন্ন হতে পারে। অন্যান্য টিকা বা একটি টিকার ডোজ আবশ্যক হতে পারে যদি আপনার সন্তানের নির্দিষ্ট কিছু স্বাস্থ্য সমস্যা থাকে; আপনার প্রশ্ন থাকলে আপনার সন্তানের ডাক্তারের সাথে কথা বলুন।

যদি আপনার সন্তানের আবশ্যক টিকা দেওয়া না থাকে সে আবশ্যক টিকাগুলির এক ডোজ নিয়ে স্কুল শুরু করতে পারবে এবং তারপর আনুষ্ঠানিক সূচি অনুসারে অবশিষ্ট ডোজগুলি গ্রহণ করবে (অর্থাত, "অস্থায়ীভাবে" শুরু করা)।

আপনার প্যাকেটে একটি **ফিজিক্যাল এক্সামিনেশন ফরমও (CH-205)আছে।** নিউ ইয়র্ক সিটি পাবলিক অথবা প্রাইভেট স্কুলে অথবা চাইল্ড কেয়ারে (ইউনিভার্সাল প্রি-কে ক্লাসসহ) প্রথমবারের মতো ভর্তি হওয়া সকল শিক্ষার্থীকে স্কুলে ভর্তি হওয়ারিএক বছরের ভেতর তার ফিজিক্যাল এক্সামিনেশনের রিপোর্ট জমা দিতে হয়। যেহেতু ছেলেমেয়েরা এত কম বয়সে দ্রুত বিকশিত হয় ও বেড়ে ওঠে, যদি এই প্রাথমিক পরীক্ষা শিক্ষার্থীর ৫ বছর বয়সের আগে সম্পন্ন করা হয়, তাহলে শিক্ষার্থীর ৫ম ও ৬ষ্ঠ জন্মদিনের মাঝে দ্বিতীয় আরেকটি পরীক্ষা আবশ্যক হয়।

চাইল্ড কেয়ার ও স্কুল ভ্যাকসিনেশনের ব্যাপারে আরো তথ্যর জন্য দেখুন **schools.nyc.gov** or **nyc.gov/health** (সার্চ করুন **"School Vaccines"**)। আপনি 347-396-4720 নম্বরে অফিস অব স্কুল হেলথ অথবা 646-632-6100 নম্বরে ব্যুরো অভ চাইল্ড কেয়ারকেও কল করতে পারেন।

বিশ্বস্ত,

Cheryl Lawrence

শেরিল লরেন্স, এমডি, এফএএপি
মেডিক্যাল ডিরেক্টরের
অফিস অব স্কুল হেলথ